



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস বিজ্ঞপ্তি/২০২৩/১৫৪৯

৭ মার্চ ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ঐতিহাসিক ৭ মার্চ পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় জাতীয় ঐতিহাসিক দিবস ৭ মার্চ পালিত হয়েছে। এ উপলক্ষে আজ মঙ্গলবার (৭ মার্চ ২০২৩) কর্মসূচির শুভ উদ্বোধন করেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। দিবসের কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য শোভাযাত্রা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালের সম্মুখে সম্মিলিতভাবে দাঁড়িয়ে জাতীয় সংগীত পরিবেশন, ৭ মার্চের ভাষণ শ্রবণ, পুষ্পস্তবক অর্পণ, সশ্রদ্ধ সালাম ও আলোচনা সভা।

এ উপলক্ষে সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সামনে থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু হয়ে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শেষ হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি, প্রক্টর ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভূঞা, আইআইটির পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব মেসবাহ উদ্দিন পলাশসহ বিভিন্ন অনুষদদের ডিনবন্দ, ইনস্টিটিউটের পরিচালকবন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবন্দ, হলের প্রভোস্টবন্দ, শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশনের নেতৃবন্দ, দপ্তর প্রধানবন্দ, বিভিন্ন সংগঠনের নেতৃবন্দ এবং শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবন্দ।

শ্রদ্ধা নিবেদন শেষে সংক্ষিপ্ত আলোচনায় নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, 'ঐতিহাসিক ৭ মার্চ বাঙালির স্বাধীনতা সংগ্রামের এক অবিচ্ছেদ্য অংশ। ঐতিহাসিক মহাকাব্য ৭ মার্চের ভাষণ আজ পৃথিবীর শ্রেষ্ঠ ভাষণগুলোর একটি। ১৯৭১ সালের এই দিনে ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানের জনসমুদ্রে দাঁড়িয়ে বঙ্গবন্ধু যে ঐতিহাসিক ভাষণের মাধ্যমে স্বাধীনতার ডাক দিয়েছিলেন তা আজ ইউনেস্কো কর্তৃক বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি অর্জন করেছে। প্রতিটি বাঙালির জীবনে এই ভাষণের গুরুত্ব অপরিসীম। আজকের এই দিনে আমি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করছি। সমবেত সকলকে ধন্যবাদ, জয় বাংলা-জয় বঙ্গবন্ধু।'

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে।